

তারিখ: ০৭.০৭.২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### লরেন্স ফেস্টিভ্যালে চট্টগ্রাম সিটি মেয়র ড. শাহাদাত হোসেন ও এমপি সালমা জাহিদের সৌহার্দ্যপূর্ণ সাক্ষাৎ

টরন্টো, কানাডা:\* টরন্টোর বিখ্যাত ‘টেস্ট অব লরেন্স’ উৎসবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ড. শাহাদাত হোসেন ও স্কারবরো সেন্টারের সংসদ সদস্য (এমপি) সালমা জাহিদ সোমবার এক সৌহার্দ্যপূর্ণ সাক্ষাতে মিলিত হন। উৎসবের প্রাণকেন্দ্রে এমপি সালমা জাহিদের বুথে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়, যেখানে দুই দেশের বন্ধুত্ব ও অভিবাসী কমিউনিটির অগ্রগতির নানা দিক নিয়ে আলোচনা হয়। সালমা জাহিদ ২০১৫ সাল থেকে কানাডার হাউস অব কমন্সে স্কারবরো সেন্টার আসনের এমপি হিসেবে দায়িত্ব পালন করছেন। কানাডায় অভিবাসনের পর তিনি সরকারি ও সামাজিক খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। নারী ও অভিবাসী অধিকার, শিক্ষা এবং কমিউনিটি উন্নয়নে তার অবদান বিশেষভাবে প্রশংসিত। বাংলাদেশ-কানাডা সংসদীয় ফ্রেন্ডশিপ গ্রুপের ভাইস-চেয়ার হিসেবে সালমা জাহিদ দুই দেশের মধ্যে সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সম্পর্ক জোরদারে সক্রিয় ভূমিকা রাখছেন। এই গ্রুপের মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির স্বার্থ ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিতে তিনি নিয়মিত কাজ করছেন। ‘টেস্ট অব লরেন্স’ টরন্টোর স্কারবরো অঞ্চলের সবচেয়ে বড় স্ট্রিট ফেস্টিভ্যাল, যেখানে শতাধিক স্টল, আন্তর্জাতিক খাবার, সাংস্কৃতিক পরিবেশনা ও পরিবার-বান্ধব নানা আয়োজন থাকে। এই উৎসব অভিবাসী ও বহুসাংস্কৃতিক কমিউনিটির মিলনমেলা হিসেবে পরিচিত। ড. শাহাদাত হোসেন ও এমপি সালমা জাহিদ একে অপরকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং দুই দেশের বন্ধুত্ব, অভিবাসী সমাজের চ্যালেঞ্জ, নারীর ক্ষমতায়ন, তরুণদের নেতৃত্ব, শিক্ষা ও স্বাস্থ্যসেবার উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন। বিশেষভাবে, নারীর ক্ষমতায়ন ও নেতৃত্বে বাংলাদেশ ও কানাডার অভিজ্ঞতা বিনিময় নিয়ে তারা আগ্রহ প্রকাশ করেন। দুই নেতা ভবিষ্যতে আরও গভীর আলোচনা ও সহযোগিতার আশ্বাস দেন। তারা সম্মত হন, বাংলাদেশ-কানাডা সম্পর্ক ও অভিবাসী কমিউনিটির উন্নয়নে যৌথভাবে কাজ করার সুযোগ নিয়ে পরবর্তীতে বিস্তারিত বৈঠক করবেন।



### পতেঙ্গা সৈকতে চসিকের উচ্ছেদ অভিযান: সীবিচ এলাকা থেকে ১২টি অবৈধ দোকান উচ্ছেদ

চট্টগ্রামের পতেঙ্গা সমুদ্র সৈকতের সীবিচ এলাকায় গড়ে ওঠা অবৈধ দোকানপাট উচ্ছেদ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)। সোমবার সকালে পরিচালিত এ অভিযানে সৈকতজুড়ে স্থাপিত ১২টি দোকান ঘর উচ্ছেদ করা হয়। অভিযানে নেতৃত্ব দেন চসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা প্রণয় চাকমা। তাঁর সঙ্গে সহকারী কমিশনার (ভূমি) ফারিস্তা করিম, মেয়রের একান্ত সহকারী মারুফুল হক চৌধুরী, পতেঙ্গা থানা পুলিশ এবং টুরিস্ট পুলিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। চসিক সূত্র জানায়, সৈকতের পরিবেশ রক্ষা, পর্যটকদের জন্য স্বচ্ছন্দ চলাচলের পথ সুগম করা এবং সরকারি জমি দখলমুক্ত রাখার উদ্দেশ্যে এ উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। চসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা প্রণয় চাকমা বলেন, “মেয়র ড. শাহাদাত হোসেন মহোদয় নির্দেশনায় পতেঙ্গা সমুদ্র সৈকতের পরিবেশ উন্নয়ন ও দৃষ্টিনন্দন রাখতে নিয়মিতভাবে অবৈধ দখলের বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছে। জনস্বার্থে এ কার্যক্রম অব্যাহত থাকবে।”

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮